দৈনিক খবর

১৪

তারিখ 10 SEP 1989
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১

৮৭



ফার্স্ট লেডি বেগম রওশন এরশাদ শনিবার ৯ই সেপ্টেম্বর ঢাকায় পথকলি ট্রাস্টের সদর দপ্তর উদ্বোধন করার পর মোনাজাত করেন

# পথকলি ট্রাস্ট দুঃস্থ শিশুদের জন্য নতুন দিগন্ত সূচিত করবে
## —ফার্স্ট লেডি

ফার্স্ট লেডি বেগম রওশন এরশাদ গতকাল শনিবার দুঃস্থ শিশুদের একটি শক্তিশালী কর্মী বাহিনী হিসেবে গড়ে তুলতে এবং জাতি গঠনমূলক তৎপরতায় তাদেরকে কাজে লাগাতে সম্মিলিতভাবে কাজ করার আহবান জানিয়ে পথকলি ট্রাস্টের প্রধান কার্যালয়ের উদ্বোধন করেন।

বাসস জানায়, বেগম এরশাদ বলেছেন, পথকলি ট্রাস্ট সমাজের অবহেলিত ও সুবিধাবঞ্চিত শিশুদের জন্য একটি নতুন দিগন্তের সূচনা করবে।

উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামও বক্তৃতা করেন।

৭-এর পাতায় দেখুন

# পথকলি ট্রাস্ট দুঃস্থ শিশুদের

প্রথম পৃষ্ঠার পর

পথকলি স্কুল–১–এর দ্বিতীয় শ্রেণীর ছাত্র ও ধোলাইখারের একটি কারখানার শ্রমিক মোহাম্মদ বিল্লাল স্বাগত ভাষণ পাঠ করে। অপর একজন ছাত্র জহুরুল ইসলাম পবিত্র কোরানের একটি সুরা তেলোয়াতকরে।

ফার্স্ট লেডি বলেন, পথকলি ধারণা দেশে ও বিদেশে জনপ্রিয় হয়ে উঠেছে। তিনি আরও বলেন, এ ধারণা অবহেলিত ও অসহায় শিশুদের সুপ্ত প্রতিভা বিকাশকে নিশ্চিত করবে।

তিনি বলেন, দেশের শিশুদের যথাযথভাবে লালন পালন করা আমাদের কর্তব্য। এ প্রসঙ্গে তিনি রাষ্ট্রপতি এরশাদ সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করে বলেন, তাঁর যোগ্য নেতৃত্বে পথকলিরা মর্যাদার সঙ্গে তাদের জীবিকার্জনের একটি পথনির্দেশ পেয়েছে।

বেগম এরশাদ বলেন, পল্লীর শিশুরাও যেন এর সুযোগ পায় সেজন্য দেশের সকল জায়গায় পথকলি স্কুল নির্মাণের পদক্ষেপ নেয়া হচ্ছে।

পথকলি ট্রাস্টের চেয়ারপারসন ফার্স্ট লেডি সমাজের সচ্ছল লোকদের পথকলি ট্রাস্টে উদারভাবে দান করার আহবান জানান যেন এটা দুঃস্থ শিশুদের জন্য আরও কল্যাণমূলক তৎপরতা গ্রহণ করতেপারে।

ট্রাস্ট গঠনে যারা সাহায্য করেছেন এবং অর্থ দান করেছেন তিনি তাদেরও ধন্যবাদজানান।

ফার্স্ট লেডি সোনালী ব্যাংক, খাদ্য মন্ত্রণালয়, ৭টি শিক্ষা বোর্ড ও ঠিকাদার সমিতির মত বিভিন্ন সংস্থার কাছ থেকে দানগ্রহণকরেন।

এরপর বেগম এরশাদ ট্রাস্টের প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগ ঘুরে ঘুরে দেখেন।

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ, মন্ত্রিসভার সদস্যবৃন্দ এবং উচ্চপদস্থ কর্মকর্তারা এ উপলক্ষে উপস্থিত ছিলেন।

এরপর ফার্স্ট লেডি চিত্রনায়ক ইলিয়াস কাঞ্চনের অবস্থা দেখার জন্য পঙ্গু হাসপাতালে যান। তিনি কর্মরত ডাক্তারদের সঙ্গে আলাপ করেন এবং তার অবস্থা সম্পর্কে খোঁজ–খবর নেন। তিনি একই দুর্ঘটনায় আহত কৌতুকাভিনেতা ইদ্রিসকেও দেখতেযান।

ফার্স্ট লেডি সিনিয়র আলোকচিত্র সাংবাদিক আফতাব উদ্দিন আহমদকেও দেখেন। জনাব আহমদের সুচিকিৎসার জন্য তিনি ডাক্তারদের আহবান করেন।

স্বাস্থ্যমন্ত্রী ডাঃ আজিজুর রহমান, স্বাস্থ্য প্রতিমন্ত্রী মামদুদুর রহমান চৌধুরী এবং স্বাস্থ্য সচিব হাসান আহমদ এ উপলক্ষে উপস্থিত ছিলেন।